গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ঢাকা
(বিচার শাখা)
www.dhaka.gov.bd

## মার্চ ২০২৬ মাসে অনুষ্ঠিত ঢাকা জেলা আইন-শৃঙ্খলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : মোঃ রেজাউল করিম
বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
সভার তারিখ : ০৮ মার্চ ২০২৬
সভার সময় : বেলা ১১:০০ ঘটিকা
সভার স্থান : বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা এর সম্মেলন কক্ষ
সভায় উপস্থিতি : আইন-শৃঙ্খলা কমিটির সদস্যবৃন্দ।

সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা কর্তৃক ফেব্রুয়ারি ২০২৬ মাসের সভার কার্যবিবরণী উপস্থাপন করা হয় এবং সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে আইন-শৃঙ্খলা পরিস্থিতি সংক্রান্ত বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয় পর্যালোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| ১. | **মোবাইল কোর্ট অভিযান পর্যালোচনা:** | | |
| | ১.১ প্রমাপ অনুযায়ী মোবাইল কোর্ট পরিচালনা | প্রমাপ অনুযায়ী নিয়মিত মোবাইল কোর্ট পরিচালনা নিশ্চিত করতে হবে। অভিযান পরিচালিত হওয়া সত্ত্বেও মামলা রুজু না হলে তা মন্তব্য কলামে সুনির্দিষ্টভাবে উল্লেখ করতে হবে। এছাড়াও মোবাইল কোর্টসমূহ যেন কেবল প্রমাপ অর্জনের পরিবর্তে যথাযথ উদ্দেশ্য সাধনকল্পে পরিচালিত হয় তা নিশ্চিত করতে হবে। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>৩। সহকারী কমিশনার (ভূমি) (সকল), ঢাকা<br>৪। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), ঢাকা<br>৫। সিনিয়র সহকারী কমিশনার (বিচার শাখা), ঢাকা |
| | ১.২ ঢাকা-আড়িচা মহাসড়কে যানজট নিরসন | ঢাকা-আড়িচা মহাসড়কে যানজট নিরসনে বিআরটিএ ও জেলা পুলিশ ট্রাফিকের সাথে সমন্বয় করে মোবাইল কোর্ট অভিযান পরিচালনাপূর্বক যানজট নিরসনের ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে। এ ক্ষেত্রে অতিরিক্ত পুলিশ ফোর্স মোতায়েন করতে হবে এবং অতিরিক্ত পেট্রোলিং এর প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে। | ১। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা<br>২। উপজেলা নির্বাহী অফিসার, কেরাণীগঞ্জ, ঢাকা<br>৩। বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, বিআরটিএ, ঢাকা<br>৪। সহকারী কমিশনার (ভূমি) (সাভার, আমিন বাজার ও আশুলিয়া), ঢাকা |
| ২. | **অপরাধ চিত্র পর্যালোচনা:** | | |
| | ২.১ গুরুত্বপূর্ণ বাজারে সিসি ক্যামেরা স্থাপন | চাঁদাবাজি, ছিনতাই ও অনাকাঙ্ক্ষিত পরিস্থিতি প্রতিরোধে গুরুত্বপূর্ণ বাজার ও ক্রাইম পয়েন্টসমূহে পর্যায়ক্রমে সিসি ক্যামেরা স্থাপন ও কার্যকারিতা নিশ্চি করণের বিষয়ে সভাপতি মহোদয় পর্যায়ক্রমে সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে সংশ্লিষ্ট থানার অফিসার ইনচার্জ ও বাজার কমিটিকে সম্পৃক্ত করে কার্যক্রম বাস্তবায়ন করতে বলেছেন। | ১। পুলিশ সুপার<br>২। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>৩। অফিসার ইনচার্জ (ওসি) (সংশ্লিষ্ট)<br>৪। সভাপতি/সাধারণ সম্পাদক, সংশ্লিষ্ট বাজার কমিটি, ঢাকা |

CamScanner

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- | --- |
| | ২.২ ঝিলমিল আবাসন প্রকল্পে নিরাপত্তা জোরদার | কেরাণীগঞ্জস্থ ঝিলমিল আবাসন প্রকল্পে মাদক ও হত্যাসহ বিভিন্ন অপরাধ প্রবণতা রোধে সংশ্লিষ্ট প্রকল্প কর্তৃপক্ষের সাথে সমন্বয় সভা আয়োজনপূর্বক স্ট্রিট লাইট স্থাপন ও নিরাপত্তারক্ষী নিয়োগসহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>রাজউক চেয়ারম্যান মহদয় বরাবর স্ট্রিট লাইট স্থাপন ও নিরাপত্তারক্ষী প্রদানে ব্যবস্থা গ্রহণের লক্ষ্যে পত্র প্রেরণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। | ১। চেয়ারম্যান, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা<br>৩। উপজেলা নির্বাহী অফিসার, কেরাণীগঞ্জ, ঢাকা<br>৪। ঝিলমিল আবাসন প্রকল্প, কেরাণীগঞ্জ, ঢাকা। |
| ৩. | **মাদকদ্রব্য প্রতিরোধ সংক্রান্ত পর্যালোচনা:** | | |
| | ৩.১ মাদকবিরোধী মোবাইল কোর্ট ও সমন্বিত অভিযান | মাদক বিস্তার রোধে জেলার সকল উপজেলায় মাদক স্পট ও কারবারিদের তথ্য সংগ্রহপূর্বক নিয়মিত ও দৃশ্যমান অভিযান পরিচালনা করতে হবে। উপজেলা প্রশাসন, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ও সংশ্লিষ্ট থানা সমন্বিতভাবে সাপ্তাহিক/মাসিক কর্মপরিকল্পনার আলোকে অভিযান পরিচালনা করে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রতিবেদন প্রেরণ করবে। এ বিষয়ে সংশ্লিষ্ট দপ্তরের প্রতিনিধি যথাযথ কার্যক্রম করে যাচ্ছেন। | ১। পুলিশ সুপার, ঢাকা<br>৫। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা<br>৬। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>৭। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর ঢাকা |
| | ৩.২ জনসচেতনতামূলক কার্যক্রম | অভিযানের পাশাপাশি মাদক স্পটসমূহে জনসচেতনতামূলক মতবিনিময় সভা, যুব সমাজকে বিভিন্ন খেলাধুলসহ জনকল্যানমূলক কাজে সম্পৃক্ত করাসহ প্রতিরোধমূলক কার্যক্রম জোরদার করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>২। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা |
| ৪. | **চোরাচালান মামলা মনিটরিং এবং চোরাচালান রোধকল্পে টাস্কফোর্স অভিযান পরিচালনা সংক্রান্ত:** | | |
| | চোরাচালান প্রতিরোধ ও টাস্কফোর্স অভিযান | ঢাকা জেলার চোরাচালান টাস্কফোর্সের অভিযান অব্যাহত রাখতে হবে এবং চোরাচালান সংক্রান্ত মামলাসমূহ নিয়মিত মনিটরিং করতে হবে। | ১। পুলিশ সুপার, ঢাকা<br>২। উপপরিচালক, কাস্টমস, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা<br>৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>৪। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা |
| ৫. | **ভোক্তা অধিকার ও বাজার মনিটরিং:** | | |
| | দ্রব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণ, ভেজাল নিরোধ | পবিত্র রমজান উপলক্ষে দ্রব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণ, ভেজাল নিরোধ ও বাজার মনিটরিং জোরদারকল্পে টাস্কফোর্সের নিয়মিত অভিযান অব্যাহত রাখতে হবে। | ১। পুলিশ সুপার, ঢাকা<br>২। উপ-পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা<br>৩। উপপরিচালক, জাতীয় ভোক্তা সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা<br>৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা |
| ৬. | **বিবিধ:** | | |

CamScanner

| ক্র.নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|---|
| | অভ্যাসগত অপরাধীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা | জেলার সার্বিক শান্তি-শৃঙ্খলা ও জননিরাপত্তা নিশ্চিতকল্পে অভ্যাসগত অপরাধীদের বিরুদ্ধে প্রয়োজনে ফৌজদারি কার্যবিধির ১১০ ধারার প্রয়োগ বৃদ্ধি করতে হবে এবং সংশ্লিষ্ট থানাকে প্রয়োজনীয় প্রসিকিউশন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়। আসন্ন পবিত্র ঈদুল ফিতর উদযাপন উপলক্ষে গণপরিবহনের টিকেটের মূল্য বৃদ্ধি, যানজট সৃষ্টি ও চাঁদাবাজি না হয় সে বিষয় সতর্ক থাকার আহ্বান জানানো হয়। | ১। পুলিশ কমিশনার, ডিএমিপ, ঢাকা<br>২। পুলিশ সুপার, ঢাকা<br>৩। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা<br>৪। অফিসার ইনচার্জ, ডিএমপি, ঢাকা/ঢাকা জেলা |

সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৮/৩/২৬

মোঃ রেজাউল করিম
জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
ও
সভাপতি
জেলা আইন-শৃঙ্খলা কমিটি, ঢাকা
ফোন: ০২২২৩৩৮৯৭৮৬
ফ্যাক্স: ৪৮৩১৬৩২৬
ইমেইল : dcdhaka@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪১.২৬০০.০১১.০৬.০০৬.২৩-৫২৯;

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২ / ০৮ মার্চ ২০২৬

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৪. চেয়ারম্যান, সিভিল এভিয়েশন অথরিটি/বিআরটিএ/বিআইডাব্লিউটিএ/রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ/ঢাকা ওয়াসা, ঢাকা
৫. পুলিশ কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৮. পুলিশ সুপার, ঢাকা
৯. অধিনায়ক, ২৬ বর্ডার গার্ড ব্যাটালিয়ন, বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা
১০. শাখা অধিনায়ক, সাভার শাখা, ডিজিএফআই, সাভার, ঢাকা
১১. সিভিল সার্জন, ঢাকা
১২. যুগ্মপরিচালক, এনএসআই, ঢাকা জেলা, ঢাকা
১৩. ডেপুটি পুলিশ কমিশনার ,ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা
১৪. তত্ত্বাবধায়ক, জেলা সদর হাসপাতাল, ঢাকা
১৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)/(রাজস্ব)/(এল,এ)/(শিক্ষা ও আইসিটি) (উন্নয়ন ও মানবসম্পদ ব্যবস্থাপনা), ঢাকা
১৬. উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ঢাকা

CS CamScanner

১৭. জেলা মৎস্য কর্মকর্তা, ঢাকা
১৮. মেয়র/প্রশাসক, পৌরসভা (সকল)
১৯. প্রশাসক, উপজেলা পরিষদ, ঢাকা (সকল)
২০. উপজেলা নির্বাহী অফিসার (সকল)
২১. অতিরিক্ত/সহকারী পুলিশ সুপার (সার্কেল)(সকল), ঢাকাজেলা, ঢাকা
২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঢাকা
২৩. সভাপতি, জেলা বার এসোসিয়েশন, ঢাকা
২৪. সভাপতি, চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাষ্ট্রি, ঢাকা
২৫. সভাপতি, জেলা প্রেসক্লাব, ঢাকা
২৬. বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, ঢাকা জেলা/ ঢাকা মহানগর, ঢাকা
২৭. নেজারত ডেপুটি কালেক্টর, ঢাকা
২৮. সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা
২৯. অধ্যক্ষ, শহীদ সোহরাওয়ার্দী কলেজ, ঢাকা
৩০. অধ্যক্ষ, তিতুমীর কলেজ, ঢাকা
৩১. অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, ঢাকা
৩২. অধ্যক্ষ,বেগম বদরুন্নেছা মহিলা কলেজ, ঢাকা
৩৩. অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, ঢাকা
৩৪. অধ্যক্ষ, সাভার কলেজ, ঢাকা
৩৫. জেলা শিক্ষা অফিসার, ঢাকা
৩৬. উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা
৩৭. উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ঢাকা
৩৮. উপপরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, ঢাকা বিভাগীয় কার্যালয়, হজ্জ ক্যাম্প, ঢাকা
৩৯. সিনিয়র জেল সুপার, ঢাকা কেন্দ্রীয় কারাগার, কেরাণীগঞ্জ, ঢাকা
৪০. সহকারী পরিচালক, হিন্দু ধর্মীয় কল্যাণ ট্রাস্ট, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা জেলা কার্যালয়, ১/আই পরিবাগ, শাহবাগ, ঢাকা
৪১. জনাব শফিকুর রহমান, বীর মুক্তিযোদ্ধা, ঢাকা
৪২. ডা. দেওয়ান মো: সালাউদ্দিন বাবু, সাবেক সভাপতি, জেলা বিএনপি, ঢাকা
৪৩. জনাব এ্যাড. নিপুন রায় চৌধুরী, সভাপতি, কেরাণীগঞ্জ উপজেলা (দক্ষিণ শাখা), বিএনপি, ঢাকা
৪৪. আলহাজ্ব তমিজ উদ্দিন, সভাপতি, বাংলাদেশ জাতীয়তাবাদী দল, ধামরাই উপজেলা শাখা, ঢাকা
৪৫. ব্যারিস্টার ইরফান ইবনে আমান অমি, সাংগঠনিক সম্পাদক, ঢাকা জেলা বিএনপি, ঢাকা
৪৬. জনাব খন্দকার আবু আশফাক, সভাপতি, ঢাকা জেলা বিএনপি, ঢাকা
৪৭. জনাব মোহাম্মদ দেলোয়ার হোসাইন, আমীর, বাংলাদেশ জামায়াতে ইসলামী, ঢাকা জেলা, ঢাকা
৪৮. জনাব মো: রাসেল আহমেদ, সংগঠক (ঢাকা জেলা দক্ষিণ), এনসিপি কেন্দ্রীয় কমিটি, ঢাকা
৪৯. জনাব এ্যাড. শেখ শওকত হোসেন, সভাপতি, ঢাকা জেলা গণঅধিকার পরিষদ
৫০. জনাব অধ্যাপক ইকবাল হোসেন রাজু, সিনিয়র সহ-সভাপতি, ঢাকা সড়ক পরিবহন মালিক সমিতি, ঢাকা
৫১. জনাব আ: রহিম দুদু, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ঢাকা
৫২. জনাব মো: গোলাম ফারুক, সাধারণ সম্পাদক, কেন্দ্রীয় কমিটি, বাংলাদেশ অটোরিক্সা হালকাযান পরিবহন শ্রমিক ফেডারেশন, ঢাকা
৫৩. জনাব মোঃ সালাহ উদ্দিন খান নঈম , সাধারণ সম্পাদক, উপজেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, সাভার, ঢাকা
৫৪. সভাপতি, জেলা দুর্নীতি প্রতিরোধ কমিটি, ঢাকা
৫৫. জনাব/বেগম............................................

শামীম
০৮/৩/২৫

মোঃ শামীম হুসাইন
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা ও
সদস্য সচিব
জেলা আইন-শৃঙ্খলা কমিটি

CS CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ঢাকা
(বিচার শাখা)
www.dhaka.gov.bd

## মার্চ ২০২৬ মাসে অনুষ্ঠিত "ঢাকা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটি" সভার কার্যবিবরণী

সভাপতি : মো: রেজাউল করিম
জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
সভার তারিখ : ০৮ মার্চ, ২০২৬
সময় : দুপুর ০২:৩০ ঘটিকা
সভার স্থান : জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা-এর সম্মেলন কক্ষ
সভায় উপস্থিতি : ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সদস্যবৃন্দ

ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সভার কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:** সভায় উপস্থাপিত গত মাসের ভোক্তা অধিকার সংরক্ষণ কমিটির সভার কার্যবিবরণী পাঠ করা হয়। সভায় সদস্যগণ কার্যবিবরণী সঠিক আছে মর্মে সভাকে অবহিত করেন। | গত মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| ২. | সভায় বাজারগুলোতে নিয়মিত বিভিন্ন খাদ্য পণ্যে ফরমালিন পরীক্ষা, পণ্যের মূল্য তালিকা, মেয়াদ উত্তীর্ণের সময়সীমা আবশ্যিকভাবে প্রতিপালনের জন্য সকল উপজেলা নির্বাহী অফিসারগণ-কে বলা হয়। এছাড়া সংশ্লিষ্ট এলাকার অসাধু বিক্রেতাদের তালিকা সংগ্রহ এবং তাদের বিরুদ্ধে ফৌজদারী মামলা করার বিষয়ে আলোচনা হয়। সভাপতি, অসাধু ব্যবসায়ীগণ কৃত্রিম সংকট তৈরি করে নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রী যাতে উচ্চ মূল্যে বিক্রি করতে না পারে সেদিকে সকলকে দৃষ্টি রাখতে অনুরোধ জানান। প্রত্যেক উপজেলায় জনগণের মধ্যে সচেতনতা তৈরির লক্ষ্যে স্কুলের ছাত্র-ছাত্রীদেরকে নিয়ে র‍্যালির আয়োজন, প্রত্যেক উপজেলায় উপজেলা নির্বাহী অফিসার, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা, চিকিৎসক, সাংবাদিক ও ব্যবসায়ী প্রতিনিধির সমন্বয়ে বাজার মনিটরিং টিম গঠন এবং প্রতিটি বাজারে মোবাইল কোর্ট পরিচালনাসহ মনিটরিং ব্যবস্থা জোরদার করার জন্য উপজেলা নির্বাহী অফিসারদের নির্দেশ দেওয়া হয়। সভায় অবহিত করা হয়, ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ ও নিরাপদ খাদ্য আইন-২০১৩ এর আওতায় ঢাকা জেলার (ঢাকা মহানগরসহ) বিভিন্ন কাঁচা বাজারে ও | (২.১) বাজারগুলোতে বিভিন্ন খাদ্য পণ্যে ফরমালিন পরীক্ষা, পণ্যের মূল্য তালিকা, মেয়াদ উত্তীর্ণের সময়সীমা আবশ্যিকভাবে প্রতিপালনের জন্য সকল উপজেলা নির্বাহী অফিসারগণকে নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে।<br>(২.২) ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ ও নিরাপদ খাদ্য আইন-২০১৩ এর আওতায় ঢাকা জেলার (ঢাকা মহানগরসহ) বিভিন্ন কাঁচা বাজারে ও ফলের দোকানে বিএসটিআই-এর বিশেষজ্ঞদের নিয়ে মোবাইল কোর্ট পরিচালনা করার বিষয়ে প্রশাসক,সাভার পৌরসভা/ধামরাই পৌরসভা/ দোহার পৌরসভা এবং উপজেলা পরিষদ,কেরাণীগঞ্জ/সাভার/ধামরাই/ দোহার/নবাবগঞ্জ,ঢাকার জনপ্রতিনিধিদের অংশগ্রহণে প্রচার প্রচারণা চালাতে হবে।<br>(২.৩) নিয়মিত বাজার মনিটরিং করতে হবে। | ১।মহাপরিচালক, বিএসটিআই,ঢাকা<br>২।বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা<br>৩।উপজেলা নির্বাহী অফিসার (সকল),ঢাকা জেলা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| | ফলের দোকানে বিএসটিআই-এর বিশেষজ্ঞদের নিয়ে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে মর্মে আলোচনা করা হয়। | | |
| ৩. | **খাদ্যে রাসায়নিক দ্রব্য, ভেজাল মিশ্রণ নিরোধ এবং বাজার মনিটরিং**<br>নিত্য প্রয়োজনীয় খাদ্য দ্রব্য যেমন-ভোজ্য তেল, মসলা প্রভৃতি এর অযৌক্তিক মূল্য বৃদ্ধি ও ভেজাল মেশানো রোধে প্রয়োজনীয় ক্ষেত্রে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে মর্মে সভায় আলোচনা করা হয়। | (৩.১) নিত্যপ্রয়োজনীয় খাদ্য দ্রব্য যেমন-ভোজ্য তেল, মসলা প্রভৃতি এর অযৌক্তিক মূল্য বৃদ্ধি ও ভেজাল রোধে প্রয়োজনীয় ক্ষেত্রে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে। | ১।পুলিশ সুপার, ঢাকা।<br>২।বিজ্ঞ অতিরিক্ত জেলা জিস্ট্রেট,ঢাকা।<br>৩।উপপরিচালক, ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।<br>৪।মোবাইল কোর্ট পরিচালনাকারী,বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট (সকল), ঢাকা। |
| | সভাপতি বলেন, দ্রব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণে বাজার মনিটরিং টিম বৃদ্ধি করতে হবে। বাজার মনিটরিং টিম সংশ্লিষ্ট দপ্তরসমূহকে সমন্বয় করে বেশি বেশি অভিযান অব্যাহত রাখতে হবে। | (৩.২)দ্রব্যমূল্যের উর্ধ্বগতি নিয়ন্ত্রণে বাজার মনিটরিং টিম বৃদ্ধি করতে হবে। বাজার মনিটরিং টিম সংশ্লিষ্ট দপ্তরসমূহকে সমন্বয় করে বেশি বেশি টাস্কফোর্সের অভিযান অব্যাহত রাখতে হবে। | |
| | সভাপতি বলেন, গোয়েন্দা সংস্থার বাজার মনিটরিং কার্যক্রম বৃদ্ধি করতে হবে এবং গোপনীয় তথ্য জেলা প্রশাসনকে অবহিত করতে হবে। | (৩.৩) গোয়েন্দা সংস্থার বাজার মনিটরিং কার্যক্রম বৃদ্ধি করতে হবে এবং গোপনীয় তথ্য জেলা প্রশাসনকে অবহিত করতে হবে। | |
| | হোটেল রেঁস্তোরায় অগ্নিকান্ড প্রতিরোধে অগ্নি নির্বাপক যন্ত্র ও ফায়ার সার্ভিসসহ অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরের লাইসেন্স রয়েছে কিনা তা মনিটরিং করার নিমিত্ত অভিযান পরিচালনা করতে হবে মর্মে আলোচনা করেন। ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক বলেন, নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর বাজার পরিস্থিতি ও সরবরাহ চেইন তদারক ও পর্যালোচনার জন্য জেলা পর্যায়ে গঠিত বিশেষ টাস্কফোর্স কমিটির অভিযান পরিচালনা করা হচ্ছে। ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তরের সহকারী পরিচালক বলেন, নিত্য প্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর বাজার পরিস্থিতি ও সরবরাহ চেইন তদারক ও পর্যালোচনার জন্য জেলা পর্যায়ে গঠিত বিশেষ টাস্কফোর্স কমিটির অভিযান পরিচালনা করা হচ্ছে। | (৩.৪) হোটেল রেঁস্তোরায় অগ্নিকান্ড প্রতিরোধে অগ্নি নির্বাপক যন্ত্র ও ফায়ার সার্ভিসসহ অন্যান্য সংশ্লিষ্ট দপ্তরের লাইসেন্স রয়েছে কিনা তা মনিটরিং করার নিমিত্ত অভিযান পরিচালনা করতে হবে।<br>(৩.৫)নিত্যপ্রয়োজনীয় দ্রব্যসামগ্রীর বাজার পরিস্থিতি ও সরবরাহ চেইন তদারক ও পর্যালোচনার জন্য জেলা পর্যায়ে গঠিত বিশেষ টাস্কফোর্স কমিটির অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>(৩.৬) বড় বড় বাজারের প্রবেশ মুখে দৃশ্যমান ডিজিটাল সাইনবোর্ড স্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | |
| | সভাপতি, ঔষধের দামের কারসাজি, ভেজাল ঔষধ সরবরাহ বন্ধের বিষয় ঔষধ প্রশাসন অধিদপ্তরের সহায়তায় মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করার পাশাপাশি নিয়মিত অভিযান পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | (৩.৭)ঔষধের দামের কারসাজি, ভেজাল ঔষধ সরবরাহ বন্ধের বিষয় ঔষধ প্রশাসন অধিদপ্তরের সহায়তায় মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করার পাশাপাশি নিয়মিত অভিযান পরিচালনা করতে হবে। | |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৪. | বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটে, ঢাকা-এর অধিক্ষেত্রে বিভিন্ন বিভাগ/সংস্থায় সকল বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট কর্তৃক ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এ ফেব্রুয়ারি ২০২৬ মাসে মোবাইল কোর্ট পরিচালনা সংখ্যা-১৭ টি, মামলার সংখ্যা-৪০ টি, কারাদন্ড দেয়া হয়নি, অর্থদণ্ডের পরিমাণ-১,১৫,৫০০/-(এক লক্ষ পনেরো হাজার) টাকা আদায় করা হয়। | (৪.১) ভোক্তা অধিকার সংরক্ষণ অভিযান আরো জোরদার করতে হবে এবং মোবাইল কোর্ট অব্যাহত রাখতে হবে। | ১। মহাপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা।<br>২।বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা। |

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মো: রেজাউল করিম
জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
ফোন: ০২-২২৩৩৮৯৭৮৬
ফ্যাক্স : ০২-২২৩৩৯০৫৬২
ই-মেইল: dcdhaka@mopa.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪১.২৬০০.০১১.০৪.০৪২.২০-৫০৪; তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২ / ০৮ মার্চ ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ১ কাওরান বাজার, ঢাকা।
৬। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন/ ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন, ঢাকা।
৮। পুলিশ সুপার, ঢাকা।
৯। সিভিল সার্জন, পুরাতন জনসংখ্যা ভবন, আজিমপুর, ঢাকা।
১০। সভাপতি, জেলা শিল্প ও বণিক সমিতি, ঢাকা।
১১। সাধারণ সম্পাদক, কনজ্যুমার্স এসোসিয়েশন অব বাংলাদেশ (ক্যাব), ৮/৬, সেগুনবাগিচা, ঢাকা (ভোক্তা অধিকার প্রতিষ্ঠান ক্যাব এর প্রতিনিধি)।
১২। ভারপ্রাপ্ত কর্মকর্তা, ব্যবসা বাণিজ্য শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, ঢাকা।
১৩। সহকারী পরিচালক, জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঢাকা জেলা কার্যালয়, ১ কাওরান বাজার, ঢাকা।
১৪। জনাব এ কে এম আনোয়ার পারভেজ, তথ্য কর্মকর্তা, ক্যাব, সেগুনবাগিচা, ঢাকা।
১৫। জনাব মোঃ আব্দুর রব, সচিব, সাভার পৌরসভা, সাভার, ঢাকা।
১৬। জনাব কাজী মোঃ নাসির উদ্দীন, সহযোগী অধ্যাপক, হিসাব বিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।
১৭। জনাব মোঃ সাইদুর হক, পিতা-পেয়ার মিয়া, সাং-পশ্চিম আগানগর, ইমাম বাড়ী, কবর স্থান রোড, দক্ষিণ কেরাণীগঞ্জ, ঢাকা।
১৮। জনাব আলী আহ্‌সান শিকদার খোকন, সাং-বাস্তা, উপজেলা-দোহার, ঢাকা।
১৯। মিজ্ লুবনা জেবিন, সহকারী অধ্যাপক, লোকপ্রশাসন বিভাগ, জগন্নাথ বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ঢাকা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ঢাকা
(বিচার শাখা)
www.dhaka.gov.bd

**মার্চ ২০২৬ মাসে অনুষ্ঠিত "ঢাকা জেলার চোরাচালান মামলা মনিটরিং সেলে কমিটি" সভার কার্যবিবরণী**

সভাপতি : মো: রেজাউল করিম
জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
সভার তারিখ : ০৮ মার্চ ২০২৬
সময় : দুপুর ০২:৩০ ঘটিকা
সভার স্থান : জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা-এর সম্মেলন কক্ষ
সভায় উপস্থিতি : চোরাচালান মামলা মনিটরিং কমিটির সদস্যবৃন্দ

সভাপতি চোরাচালান মামলা মনিটরিং কমিটির সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সভার কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:<br>সভায় উপস্থাপিত গত মাসের চোরাচালান মামলা মনিটরিং সেলের সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কারও কোন মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হয়। সভায় সদস্যগণ কার্যবিবরণী সঠিক আছে মর্মে সভাকে অবহিত করেন। | গত মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| ২. | সভায় ঢাকা জেলার বিভিন্ন থানাধীন আবাসিক এলাকা, ব্যবসা প্রতিষ্ঠান, গুদাম, যানবাহন, বিভিন্ন চেক পয়েন্ট ইত্যাদিতে পরিচালিত অভিযানের মাধ্যমে সংগৃহীত নির্ধারিত তথ্য সম্পর্কে উপস্থিত সকলকে অবহিত করা হয়। সভায় চোরাচালান এবং মাদক মামলা সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। | (২.১) তদন্তাধীন মামলাসমূহের প্রতিবেদন দ্রুত দাখিল করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>(২.২)বিচারাধীন মামলাসমূহের সাক্ষীগণকে যথাসময়ে আদালতে হাজির করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১।পুলিশ সুপার, ঢাকা<br>২। অফিসার ইনচার্জ (সকল) থানা, ঢাকা জেলা |
| ৩. | ঢাকা জেলার ফেব্রুয়ারি ২০২৬ মাসের থানাওয়ারী/পুলিশ চোরাচালান মামলা নিষ্পত্তির বিবরণী: ঢাকা জেলার ফেব্রুয়ারি ২০২৬ মাসের থানাওয়ারী বিচারাধীন মোট চোরাচালান মামলার সংখ্যা ৭১টি, এর মধ্যে এ মাসে ০১টি মামলা নিষ্পত্তি হয়েছে। চোরাচালান মামলা নিষ্পত্তির হার বাড়ানোর ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে তাগিদ দেওয়া হয়। | পেন্ডিং মামলার সংখ্যা বেশী হওয়ায় তা নিষ্পত্তির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পুলিশ সুপার, ঢাকা<br>২। বিজ্ঞ পিপি, ঢাকা জেলা<br>৩। কোর্ট ইন্সপেক্টর, সদর কোর্ট, ঢাকা<br>৪।অফিসার ইনচার্জ (সকল) থানা, ঢাকা জেলা |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৪. | মার্চ ২০২৬ মাসের ঢাকা জেলা ও উপজেলা চোরাচালান নিরোধ আঞ্চলিক টাস্কফোর্সের মাসিক বিবরণী: ঢাকা জেলা ও উপজেলা চোরাচালান নিরোধ আঞ্চলিক টাস্কফোর্সের মাসিক বিবরণী সকল সংস্থা থেকে প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ অব্যাহত রাখার জন্য সংশ্লিষ্ট সকল সংস্থাকে অনুরোধ করা হলো। | ঢাকা জেলা ও উপজেলা চোরাচালান নিরোধ আঞ্চলিক টাস্কফোর্সের মাসিক বিবরণী সকল সংস্থা থেকে প্রতি মাসের পাঁচ তারিখের মধ্যে জেলা প্রশাসকের কার্যালয়ে প্রেরণ অব্যাহত রাখতে হবে। | ১।মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।<br>২। পুলিশ সুপার, ঢাকা।<br>৩।উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা।<br>৪।কোর্ট ইন্সপেক্টর,সদর কোর্ট, ঢাকা<br>৫।উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর,ঢাকা,উপ-অঞ্চল,২৪,তোপখানা রোড, ঢাকা |
| ৫। | গত ফেব্রুয়ারি ২০২৬ মাসে ১৪৩৫টি অভিযানে ৫৫৫টি মামলা দায়ের করা হয় এবং ৩৬৫ জনকে গ্রেফতার করাসহ সর্বমোট ২১,৭২,০৯,১০৯/- (একুশ কোটি বাহাত্তর লক্ষ নয় হাজার একশত নয়) টাকার মালামাল উদ্ধার করা হয়। | অভিযান আরও জোরদার করতে হবে। | ১। মহাপরিচালক, শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।<br>২। পুলিশ সুপার, ঢাকা।<br>৩।উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা। |

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮/৩/২৬


মো: রেজাউল করিম
জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
ফোন: ০২-২২৩৩৮৯৭৮৬
ফ্যাক্স : ০২-২২৩৩৯০৫৬২
ই-মেইল: dcdhaka@mopa.gov.bd


স্মারক নম্বর: ০৫.৪১.২৬০০.০১১.০৪.০৪২.২০-৫০৭;

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২ / ০৮ মার্চ ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, শুল্ক, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
৫। অধিনায়ক, ৪৯ বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা।
৬। পুলিশ সুপার, ঢাকা।
৭। উপজেলা নির্বাহী অফিসার, কেরাণীগঞ্জ/সাভার/ধামরাই/দোহার/নবাবগঞ্জ, ঢাকা।
৮। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা উপঅঞ্চল, ১৭৪, ডিস্টিলারি রোড, গেন্ডারিয়া, ঢাকা-১২০৪।
৯। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো উপ-অঞ্চল, ১৭৪, ডিস্টিলারি রোড, গেন্ডারিয়া, ঢাকা-১২০৪।
১০। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, ঢাকা জেলা/ঢাকা মহানগর

০৮/০৩/২৬

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ঢাকা

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ঢাকা
(বিচার শাখা)
www.dhaka.gov.bd

## মার্চ ২০২৬ মাসে অনুষ্ঠিত "ঢাকা জেলার চোরাচালান নিরোধ কমিটি" সভার কার্যবিবরণী

সভাপতি : মো: রেজাউর করিম
জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
সভার তারিখ : ০৮ মার্চ, ২০২৬
সময় : দুপুর ০২:৩০ ঘটিকা
সভার স্থান : জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা-এর সম্মেলন কক্ষ
সভায় উপস্থিতি : চোরাচালান নিরোধ কমিটির সদস্যবৃন্দ

চোরাচালান নিরোধ কমিটির সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সভার কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

### মার্চ ২০২৬ মাসে চোরাচালান সংক্রান্ত মামলার তথ্য সভায় উপস্থাপন করা হয় যা নিম্নরূপ:

| মাস | সাভার থানা | আশুলিয়া থানা | ধামরাই থানা | কেরাণীগঞ্জ থানা | দক্ষিণ কেরাণীগঞ্জ থানা | নবাবগঞ্জ থানা | দোহার থানা | জি আর পি থানা | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| জানুয়ারি/২০২৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | - | ০ |
| ফেব্রুয়ারি/২০২৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | - | ০ |
| মার্চ/২০২৬ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | ০ | - | ০ |

### ঢাকা জেলা পুলিশের চোরাচালান সংক্রান্ত বিচারাধীন মামলা

| জেলার নাম | দপ্তরের নাম | গত মাস হতে আগত বিচারাধীন মামলার সংখ্যা | বিবেচ্য মাসে বিচারের জন্য প্রাপ্ত মামলার সংখ্যা | মোট বিচারাধীন মামলার সংখ্যা | বিবেচ্য মাসে নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | | মোট নিষ্পত্তিকৃত মামলার সংখ্যা | মাস শেষে বিচারাধীন মামলার সংখ্যা | মোট তদন্তাধীন মামলার সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | সাজা | খালাস | | | | |
| ঢাকা জেলা | - | ৭১ | ০০ | ৭১ | ০৩ | ০০ | ০ | ৭১ | ০০ | - |

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | **গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:** সভায় উপস্থাপিত গত মাসের চোরাচালান নিরোধ কমিটির সভার কার্যবিবরণী পাঠ করা হয়। সভায় সদস্যগণ কার্যবিবরণী সঠিক আছে মর্মে সভাকে অবহিত করেন। | গত মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |

CamScanner

| | | | |
|---|---|---|---|
| ২. | **ঢাকা জেলার চোরাচালান নিরোধ সংক্রান্ত কার্যক্রম পর্যালোচনা:**<br>ঢাকা জেলার চোরাচালান নিরোধ সংক্রান্ত কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। এ সম্পর্কিত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, বিভিন্ন সংস্থা কর্তৃক এককভাবে পরিচালিত (ক) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক অভিযান- ৭৭২টি, মামলার সংখ্যা-১৩৮টি, জব্দকৃত পণ্যের মূল্য-৩,৬৯,৩৬,৮১০/- টাকা এবং ১৬১ জনকে গ্রেফতার করা হয়। (খ) জেলা পুলিশ, ঢাকা কর্তৃক অভিযান-১৩৪টি, মামলার সংখ্যা-১৩৪টি, জব্দকৃত পণ্যের মূল্য-১,৫০,৬৪,৫৪০/- টাকা এবং ২০৪ জনকে গ্রেফতার করা হয়। (গ) শুল্ক গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা কর্তৃক অভিযান-৫২৯টি, মামলার সংখ্যা-২৮৩টি, জব্দকৃত পণ্যের মূল্য-১৬,৫২,০৭,৭৫৯/- টাকা এবং কোন ব্যাক্তিকে গ্রেফতার করা হয়নি। গত ফেব্রুয়ারি ২০২৬ মাসে ১৪৩৫টি অভিযানে ৫৫৫টি মামলা দায়ের করা হয় সর্বমোট ২১,৭২,০৯,১০৯/- (বারো কোটি চৌষট্টি লক্ষ তেতত্রিশ হাজার সাতশত তেপায়ান্ন) টাকার মালামাল উদ্ধার করা হয়। | (২.১) চোরাচালান রোধকল্পে সকল কার্যক্রম আরও তৎপরতার সাথে সম্পন্ন করতে হবে এবং চোরাচালান নিরোধ কার্যক্রমের অংশ হিসেবে পুন:পুন: ঝটিকা অভিযান চালাতে হবে এবং অভিযানের পূর্বে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেটকে অবহিত করতে হবে। | ১। পুলিশ সুপার, ঢাকা<br>২। বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা<br>৩।উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা |
| | | (২.২) যানবাহনে তল্লাশীকালে যাতে যানজট সৃষ্টি না হয় সে বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে। | ১। অফিসার ইনচার্জ (সকল) থানা, ঢাকা |
| | | (২.৩) চোরাচালান নিরোধ কার্যক্রম পরিচালনায় আরও তৎপর হতে হবে এবং তল্লাশী কার্যক্রম সতর্কতার সাথে সম্পন্ন করতে হবে। | ১। মহাপরিচালক, শুল্ক, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা<br>২। পুলিশ সুপার, ঢাকা<br>৩।উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা |
| ৩. | **চোরাচালান সংক্রান্ত মামলার বিবরণ পর্যালোচনা:**<br>সভায় উপস্থাপিত প্রতিবেদন হতে দেখা যায় যে, মার্চ ২০২৬ মাসে ঢাকা জেলার বিভিন্ন থানায় কোন মামলা দায়ের করা হয় । জানুয়ারি ২০২৬ মাসে ০০টি মামলা দায়ের করা হয় এবং একই সময়ে ডিসেম্বর ২০২৫ মাসে কোন মামলা দায়ের করা হয়নি । | (৩.১)চোরাচালান মামলাসমূহের তদন্ত প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে। | ১। অফিসার ইনচার্জ (সকল) থানা, ঢাকা জেলা |
| | | (৩.২) চোরাচালান বিরোধী অভিযানে আটককৃত মাদকের রাসায়নিক পরীক্ষার রিপোর্ট দ্রুত দাখিলের ব্যবস্থা করতে হবে। | ২। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা |
| | | (৩.৩) চোরাচালান সংক্রান্ত মামলায় সাক্ষীর উপস্থিতি নিশ্চিত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। পুলিশ সুপার, ঢাকা<br>২। বিজ্ঞ পি,পি, ঢাকা জেলা |
| ৫. | **চোরাচালান সংক্রান্ত মামলার নিষ্পত্তি ও অনিষ্পন্ন মামলার মাসিক রিপোর্ট প্রতি মাসের ২ তারিখের মধ্যে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা বরাবরে প্রেরণের জন্য অনুরোধ করা হয়।** | চোরাচালান সংক্রান্ত মামলার নিষ্পত্তি ও অনিষ্পন্ন মামলার মাসিক রিপোর্ট প্রতি মাসের ২ তারিখের মধ্যে বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা বরাবরে প্রেরণ করতে হবে। | ১। পুলিশ সুপার, ঢাকা<br>২। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা |

**আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।**

মো: রেজাউল করিম
জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
ফোন: ০২-২২৩৩৮৯৭৮৬
ফ্যাক্স : ০২-২২৩৩৯০৫৬২
ই-মেইল: dcdhaka@mopa.gov.bd

CamScanner

স্মারক নম্বর: ০৫.৪১.২৬০০.০১১.০৪.০৪২.২০-৫১০; তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২
০৮ মার্চ ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
০৪। মহাপরিচালক, শুল্ক, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।
০৫। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা।
০৬। অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, সিআইডি, বাংলাদেশ, ঢাকা।
০৭। পুলিশ সুপার, ঢাকা।
০৮। বিশেষ পুলিশ সুপার, সি আই ডি, জোন- ১, ঢাকা।
০৯। পুলিশ সুপার, রেলওয়ে চট্টগ্রাম।
১০। যুগ্মপরিচালক, ঢাকা জেলা জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা, বাড়ি নম্বর: ৫, এনসি, রোড নম্বর: ১৫, গুলশান: ২, ঢাকা।
১১। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা উপ-অঞ্চল, ২৪ নং তোপখানা রোড, ঢাকা।
১২। পরিচালক (ও এন্ড টি), বিজিবি সদর দপ্তর, পিলখানা, ঢাকা।
১৩। উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ/দোহার/কেরাণীগঞ্জ/সাভার/ধামরাই উপজেলা, ঢাকা।
১৪। প্রশাসক, সাভার পৌরসভা/ধামরাই পৌরসভা/দোহার পৌরসভা, ঢাকা;
১৫। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, হাটখোলা, ঢাকা।
১৬। জেলা শিক্ষা অফিসার, ঢাকা।
১৭। সহকারী পুলিশ সুপার, সাভার সার্কেল/কেরাণীগঞ্জ সার্কেল/জিআরপি, ঢাকা জোন, কমলাপুর, ঢাকা।
১৮। বিজ্ঞ পাবলিক প্রসিকিউটর, ঢাকা জেলা/ঢাকা মহানগর।
১৯। সভাপতি, ডিসিসিআই, ঢাকা।
২০। সভাপতি, ঢাকা আইনজীবী সমিতি, ঢাকা।

08/03/2026

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ঢাকা

CamScanner

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা ম্যাজিস্ট্রেটের কার্যালয়, ঢাকা
(বিচার শাখা)
www.dhaka.gov.bd

## মার্চ ২০২৬ মাসে অনুষ্ঠিত "ঢাকা জেলার চোরাচালান রোধকল্পে টাস্কফোর্স কমিটি" সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মো: রেজাউল করিম<br>জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা |
| সভার তারিখ | : | ০৮ মার্চ, ২০২৬ |
| সময় | : | দুপুর ০২:৩০ ঘটিকা |
| সভার স্থান | : | জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা-এর সম্মেলন কক্ষ |
| সভায় উপস্থিতি | : | চোরাচালান রোধকল্পে টাস্কফোর্স কমিটির সদস্যবৃন্দ |

সভাপতি চোরাচালান রোধকল্পে টাস্কফোর্স কমিটির সভায় উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট সভার কার্যপত্র উপস্থাপন করেন। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী ধারাবাহিকভাবে বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | <u>গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:</u><br>সভায় উপস্থাপিত গত মাসের চোরাচালান রোধকল্পে টাস্কফোর্স কমিটির সভার কার্যবিবরণী পাঠ করা হয়। সভায় সদস্যগণ কার্যবিবরণী সঠিক আছে মর্মে সভাকে অবহিত করেন। | গত মাসের সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। | |
| ২. | <u>চোরাচালান রোধকল্পে টাস্কফোর্স কমিটির কার্যক্রম পরিচালনা:</u><br>ঢাকা জেলার চোরাচালান নিরোধ সংক্রান্ত কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। এ সম্পর্কিত প্রতিবেদন পর্যালোচনায় করা হয়। গত ফেব্রুয়ারি ২০২৬ মাসে ৪৫১টি অভিযানে ১৬১টি মামলা দায়ের করা হয় সর্বমোট ৮৯,৩০০/- (উননব্বই হাজার তিনশত) টাকার মালামাল উদ্ধার করা হয়। | (২.১) চোরাচালান রোধকল্পে জেলা টাস্কফোর্স অভিযানের সংখ্যা বৃদ্ধি করতে হবে।<br>(২.২) টাস্কফোর্স কর্তৃক জব্দকৃত মালামালের সিজার লিস্ট ঘটনাস্থলে প্রস্তুত এবং বিধি মোতাবেক নিষ্পত্তি করতে হবে। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে।<br>(২.৩)বিজ্ঞ আদালতে নিষ্পত্তিকৃত মামলার রায়ের কপি সংগ্রহপূর্বক আলামত নিষ্পত্তির বিষয়ে নির্দেশনা মোতাবেক কার্যক্রম গ্রহণ করতে হবে। | ১।মহাপরিচালক, শুল্ক, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা<br>২। পুলিশ সুপার, ঢাকা<br>৩।বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা<br>৪।জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঢাকা<br>৫।উপজেলা নির্বাহী অফিসার (সকল), ঢাকা<br>৬।বিভাগীয় কর্মকর্তা, কোতয়ালী বিভাগ, কাস্টমস,এক্সাইজ, ভ্যাট, ঢাকা<br>৭।উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা |
| ৩. | <u>বিবিধ:</u><br>চোরাচালান রোধকল্পে টাস্কফোর্স অভিযান পরিচালনার নিমিত্ত সভায় বিস্তারিত আলোচনা হয়। সভাপতি | (৩.১) চোরাচালান রোধকল্পে জেলা টাস্কফোর্সের সমন্বয়ে | ১।মহাপরিচালক, শুল্ক,গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা |

CS CamScanner

| | | | |
|---|---|---|---|
| | চোরাচালান রোধে সকলের সমন্বিত প্রচেষ্টার উপর গুরুত্ব আরোপ করেন। সভাপতি চোরাচালান রোধে সঠিক তথ্যের ভিত্তিতে পুলিশ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, কাস্টমস ও বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেটের সমন্বয়ে নিয়মিত টাস্কফোর্সের অভিযান পরিচালনার পরামর্শ দেন। চোরাচালান সংক্রান্ত কোন গোপন তথ্য পাওয়া গেলে তা বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট অথবা জেলা পুলিশকে অবহিত করার জন্য বলেন, যাতে অতি অল্প সময়ের মধ্যে সংশ্লিষ্ট সকল বিভাগের সাথে সমন্বয় করে টাস্কফোর্স অভিযান পরিচালনা করা যায়।<br>ঢাকা জেলায় নিয়মিত চোরাচালান টাস্কফোর্সের অভিযান পরিচালনা করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়। সভায় আরও নির্দেশনা দেয়া হয় যে, চোরাচালান রোধকল্পে আগামী ২ সপ্তাহব্যাপী মহানগর এলাকাসহ সকল উপজেলায় একযোগে মাদকের উপর মোবাইল কোর্ট পরিচালনা অব্যাহত রাখতে হবে এবং এ সংক্রান্ত রিপোর্ট নিয়মিত বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ জানানো হয়। | নিয়মিত মহাসড়কে অভিযান পরিচালনা করতে হবে।<br>(৩.২)আগামী ২ সপ্তাহ সকল উপজেলায় একযোগে মাদকবিরোধী অভিযান পরিচালনা করে চিহ্নিত হোতাদের আইনের আওতায় আনতে হবে।<br>(৩.৩) ঢাকা জেলায় চোরাচালান টাস্কফোর্সের অভিযান নিয়মিত পরিচালনা করতে হবে এবং এর প্রতিবেদন বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট বরাবর প্রতি মাসের ০৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | ২। পুলিশ সুপার, ঢাকা<br>৩।উপ পরিচালক মাদক দ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। |

আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৮/৩/২৫


মো: রেজাউল করিম
জেলা ম্যাজিস্ট্রেট, ঢাকা
ফোন: ০২-২২৩৩৮৯৭৮৬
ফ্যাক্স : ০২-২২৩৩৯০৫৬২
ই-মেইল: dcdhaka@mopa.gov.bd


স্মারক নম্বর: ০৫.৪১.২৬০০.০১১.০৪.০৪২.২০-৫০৬

তারিখ: ২৩ ফাল্গুন ১৪৩২ / ০৮ মার্চ ২০২৬

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে: (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

১। মহাপরিচালক,শুল্ক, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা
২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
৩। অধিনায়ক, ৪৯ বর্ডার গার্ড বাংলাদেশ, পিলখানা, ঢাকা
৪। পুলিশ সুপার, ঢাকা।
৫। যুগ্মপরিচালক, এনএসআই, ঢাকা, রোড-৮৪, বাড়ি-৪, গুলশান-২, ঢাকা
৬। উপজেলা নির্বাহী অফিসার, নবাবগঞ্জ/দোহার/কেরাণীগঞ্জ/সাভার/ধামরাই উপজেলা, ঢাকা
৭। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ঢাকা
৮। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা উপ-অঞ্চল, ১৭৪, ডিস্টিলারি রোড, গেন্ডারিয়া, ঢাকা-১২০৪
৯। উপপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ঢাকা মেট্রো উপ-অঞ্চল, ১৭৪, ডিস্টিলারি রোড, গেন্ডারিয়া, ঢাকা-১২০৪
১০। সুপারিনটেনডেন্ট, শুল্ক, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা।

০৮/৩/২৫

অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
ঢাকা